মেহেরপুরের সুবিধপুরে পৌনে ৩ কোটির টাকার ভবন গ্রহণ করেনি স্কুল কর্তৃপক্ষ

নিম্নমানের উপকরণ ব্যবহার ও ক্রটিপূর্ণ থাকায় দুই কোটি ৭৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ৪ তলা বিশিষ্ট একাডেমিক ভবন গ্রহণ করেনি মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয় কর্তৃপক্ষ।

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে তত্বাবধানে বিদ্যালয়ের জন্য নির্মিত ৪ তলা এই বিল্ডিংটিতে নানা ত্রুটির অভিযোগ এনে ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে ভবনটি গ্রহণ করেননি বলে জানান বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহাবুল ইসলাম।

লটারিতে মেহেরপুর জনি এন্টারপ্রাইজ নামক একটি ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ পেলেও জনপ্রশাসন প্রতিমন্ত্রীর ছোট ভাই মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হাসান মৃদুল কাজটি করেছেন।

তবে, একাডেমিক ভবন নির্মানের ঠিকাদার সরফরাজ হাসান মৃদুল ভবন নির্মানে কিছু অনিয়ম হওয়ার কথা স্বীকার করে বলেছেন, আমি ঢাকাতে থাকার কারনে কিছু অনিয়ম হয়েছে। দ্রুত সেগুলোর সমাধান করা হবে।

২০১৮-২০১৯ অর্থ বছরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের তত্বাবধানে প্রায় ২ কোটি ৭৪ লক্ষ টাকা ব্যায়ে মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ের ৪ তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ কাজ শুরু হয় ১২ মে ২০১৯ সালে।

ভবনটি বিগত ২০২০ সালের ১২ নভেম্বর নির্মাণ কাজ শেষ করে বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করার শেষ সময় ছিল। কিন্তু দেরি করে কাজ শুরু হওয়ায় শেষ হয় ২০২১ সালের ডিসেম্বরে। মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের পক্ষ থেকে ঠিকাদারী প্রতিষ্ঠানকে ১৭টি অনিয়ম ও ত্রুটির কথা উল্লেখ করে সেগুলো ঠিক করার জন্য চিঠি দিয়েছেন।

একাডেমিক ভবন নির্মাণে অত্যন্ত নিম্নমানের উপকরণ ব্যবহারসহ নানা অভিযোগ এনে প্রায় দেড় বছর অতিবাহিত হলেও বিদ্যালয় কর্তৃপক্ষ নতুন এই একাডেমিক ভবনটি ঠিকাদারী প্রতিষ্ঠানের কাছ থেকে গ্রহণ করেনি। বিদ্যালয়ের প্রধান শিক্ষক অভিযোগ করেন, নিম্নমানের উপকরণ

দিয়ে নির্মাণ করা হয়েছে। শুরু থেকেই ওই ভবনের নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করার অভিযোগ করা হলেও ঠিকাদার কোনো কর্ণপাত করেনি।

সরেজমিনে দেখা গেছে, প্রতিটি রুমের জন্য ৪টি করে ৪৮টি বৈদ্যুত্যিক পাখা রয়েছে। এসব বৈদ্যুত্যিক পাখাগুলো নিম্নমানের প্রদান করা হয়েছে। পাখাগুলোতে কোন কোম্পানীর সিল নেই। মনে হয়েছে রং করা পাখা ঝুলানো রয়েছে। প্রতিটি ফ্যানের মুল্য ৩৩৯৯ টাকা এবং রেগুলেটরের দাম ধরা হয়েছে ৩৩৬ টাকা। একটি ইলেক্ট্রিক ঘড়ি দেওয়ার কথা থাকলেও সেটি প্রদান করা হয়নি। এছাড়া রুমের ভিতরের ইলেক্ট্রিক ওয়্যারিং এর উপকরণ, বৈদ্যত্যিক সুইচ, হোল্ডার, লাইটসহ অন্যান্য উপকরণ দেওয়া হয়েছে নিম্ম ব্র্যান্ডের। ভবনের রং করণ ও বাইরের স্যুয়োরেজ ফিটিংস এর পাইপ বসানোতেও রয়েছে নানা ধরণের অসঙ্গতি।

বিদ্যালয়টিতে বর্তমানে ৩১০ জন ছাত্র ছাত্রী অধ্যয়ন করছে। শ্রেনী কক্ষ সংকট, বেঞ্চ, চেয়ার, টেবিলসহ নানা ধরণের সমস্যা নিয়ে পরিচালিত হচ্ছে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম। বিদ্যালয়ের নতুন ভবন হস্তান্তরের শেষ সময় ছিল ২০২০ সালে। তবে দেরিতে কাজ শুরু হওয়ায় ২০২১ সালের ডিসেম্বরে কাজ শেষ হয়েছে। তবে এখনো হস্তান্তর না হওয়ায় তারা নতুন ভবনে যেতে পারেনি। ফলে বিদ্যালয়টিতে পাঠদান ব্যহত হচ্ছে নানাভাবে।

ঠিকাদার সরফরাজ হোসেন মৃদুল বলেন, ভবনের বৈদ্যুত্যিক পাখাগুলো যমুনা ব্র্যান্ডের দেওয়া হয়েছে। এছাড়া অন্যান্য উপকরণ এবং রং এর যে অভিযোগগুলো আছে আমি অধিকাংশ সময় ঢাকাতে অবস্থান করার কারণে এমন সমস্যা হয়েছে। আমি লোকজন নিয়ে দু একদিনের মধ্যেই সব ঠিকঠাক করে হস্তান্তর করবো।

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মো: গোলাম মোত্তাকিন বলেন, এই ভবনটি নির্মাণে আমাদের দৃষ্টিতে মোট ১৭ টি ত্রুটি পাওয়া গেছে। এই ত্রুটিগুলো ঠিক করে বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে চিঠি দেওয়া হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আজ বুধবার (২৪ আগষ্ট) ভোররাতের দিকে বারাদী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই(নিঃ) মফিজুল ইসলামের নেতৃত্বে একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান সিংহাটি গ্রামে অভিযান চালিয়ে ১১০ গ্রাম গাঁজাসহ সাইফুলকে গ্রেফতার করে।

এঘটনায় আসামী সাইফুলের বিরুদ্ধে সদর থানায় ৩৬(১) সারণির ১৯(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮; ধারায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। মামলা নং-২৭, তাং-২৪/০৮/২০২২। আজ বুধবার (২৪ আগষ্ট) আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে সদর উপজেলা বিএনপির বিক্ষোভ সমাবেশ

জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং সকল পণ্যের মূল্য বৃদ্ধির ও ভোলার পুলিশের গুলিতে ছাত্রনেতা নূরে আলম,সেচ্ছাসেবক দলের নেতা আঃ রহিমকে হত্যার প্রতিবাদে মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ড এলাকায় এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজনের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন,জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান,ইলিয়াস হোসেন,মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,সিনিয়র সহ-সভাপতি শহিদুল আলম, যুগ্ম সাধারণ সম্পাদক

রাকিবুল হাসান রিপন, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল মিন্টু,ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন,গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা প্রমুখ। এ সময় মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে খাস জমি দখল পেতে প্রতিপক্ষকে রক্তাক্ত

সরকারি খাস জমি সংক্রান্ত বিরোধের জের ধরে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামে প্রতিপক্ষের হামলায় রক্তাক্ত জখম হয়েছেন শহিদুল ইসলাম (৫০) নামের এক দিন মজুর।

আহত শহিদুল ইসলাম বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

রবিবার (২১ আগষ্ট) দিবাগত রাতে সাড়ে ৯ টার দিকে প্রতিপক্ষ আমিরুল ইসলামের নেতৃত্বে তার ছেলে আল কাউছ সায়েম, আবু সালেহ, আমিরুলের অপর ভাই আজিজুল ও রুহুল লাঠি শোঠা ও ধারা অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। পরে মূমূর্ষ অবস্থায় শহিদুলকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

শহিদুল জানান, আমার কোনো জমি জায়গা নেই। তাই ৮ শতক সরকারি খাস জমি বন্দোবস্ত নিয়ে বসবাস করছি। আমাকে ওই খাস জমি থেকে বিতাড়িত করতে প্রতিপক্ষ আমিরুল ইসলাম ষড়যন্ত্র করছে। এনিয়ে দেওয়ানী আদালতে একটি মামলা চলমান আছে। আদালত জমির উপরে না যাওয়ার জন্য তাদের নির্দেশও দিয়েছে। তারপরেও জমিটি দখল নিতে ওই পক্ষটি আমাকে বারবার মারধর করে আসছে। হুমকি ধামকি দিয়ে আসছে।

গতকাল তারা পূর্ব পরিকল্পিতভাবে আমার উপর হামলা চালিয়ে মাথায় ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। আমার মাথায় তিনটা সেলাই হয়েছে। এছাড়া শরীরের বিভিন্ন স্থানে ফোলা জখমের ক্ষত

রয়েছে।

এঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।

মেহেরপুরে প্রবাসীর স্ত্রীর মরদেহ উদ্ধার

তিন দিন আগে বাবার বাড়ি থেকে শশুর বাড়ি আসলেও শ্বশুর বাড়ির লোকজন উঠতে দেইনি ঘরে। প্রতিবেশীদের চাপে স্বামীর ঘরে উঠতে দিলেও গতকাল মঙ্গলবার থেকে তাকে শারীরিক ও মানষিক ভাবে চালাচ্ছিল নির্যাতন।

অবশেষে সিঁড়ি ঘরের আড়ার সাথে ওড়না পেঁচিয়ে আত্মহত্যার পথ বেঁচে নেন গৃহবধু মোহিনী খাতুন (২২)। মোহিনী খাতুন সদর উপজেলার রাজাপুর গ্রামের পন্ডের ঘাট এলাকার সৌদি প্রবাসী জাহাঙ্গীর আলমের স্ত্রী।

আজ বুধবার (১৭-আগস্ট) সকাল ১০টার দিকে শশুর বাড়ির সিঁড়ি ঘরের আড়ার সাথে ওড়না পেঁচানো ঝুলন্ত মরদেহ উদ্ধার করে মেহেরপুর সদর থানা পুলিশ।

সদর থানা পুলিশ মোহিনী খাতুনের মরদেহ উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল মর্গে নিয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ এ তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়রা নাম প্রকাশ না করার শর্তে জানান, গত ৩ দিন আগে মোহিনী তার মায়ের বাড়ি শ্যামপুর থেকে থেকে শ্বশুর বাড়ি আসেন। শ্বশুর বাড়ির লোকজন তাকে ঘরে উঠতে দেয় না। পরে প্রতিবেশীরা শ্বশুরবাড়ির লোকজনকে অনেকটা চাপ দিয়েই মোহিনীকে বাড়িতে তুলে দেন। কিন্তু পরিবারের লোকজন নানাভাবে অত্যাচার শুরু করে।

আজ সকালে মোহিনীর ঝুলন্ত মরদেহ দেখে স্থানীয়রা থানায় খবর দিলে

সদর থানা পুলিশের একটি টিম মরদেহটি উদ্ধার করেন।

মেহেরপুরের উজুলপুরে বজ্রপাতে কৃষক নিহত

মেহেরপুর সদর উপজেলা উজুলপুরে বজ্রপাতে সুন্নত আলী (৪৫) নামের এক কৃষক নিহত হয়েছেন।

আজ সোমবার (১ আগষ্ট) সকাল ১০ টার দিকে উজলপুর গ্রামের মাঠে বজ্রপাতে এই নিহতের ঘটনা ঘটে। নিহত সুন্নত আলী একই গ্রামের গ্রামের বকুল মন্ডলের ছেলে।

স্থানীয়রা জানান, সকালের দিকে সুন্নত আলী ক্ষেতে কাজ করার উদ্দেশ্যে মাঠে যাচ্ছিলেন । গ্রামের চাঁতালের মাঠ নামক স্থানে পৌছানোর সাথে সাথে বৃষ্টি শুরু হয়। পরে ওই মাঠে একটি কদম গাছের নিচে অবস্থান করেন তিনি। হঠাৎ বজ্রপাত তার মাথার উপর পড়লে সুন্নত আলী আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়ার পথে মারা যান তিনি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ এ তথ্য নিশ্চিত করেন।

আবুল হাসেম মেহেরপুর সদর উপজেলা ভাইসচেয়ারম্যান

নির্বাচিত

মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান উপ নির্বাচনে চশমা প্রতীকে ১৫ হাজার ৩০৪ ভোট পেয়ে আবুল হাশেম ভাইসচেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দী সাবেক যুবলীগ নেতা নিসান সাবের মাইক প্রতীকে পেয়েছেন মাত্র ৪ হাজার ৫৬৮ ভোট।

এছাড়া সাবেক ছাত্রলীগ নেতা শামীম উদ্দীন টিউবওয়েল প্রতীকে ৩ হাজার ৬৩০ ও আলফাজ হোসেন তালা প্রতীকে পেয়েছেন ৯৭৭ ভোট।

মেহেরপুর সদর উপজেলার ভাইসচেয়ারম্যান পদের উপনির্বাচনে ১১.৬৫ ভাগ ভোট পোল হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

ভোট গণণা শেষে সন্ধ্যা ৬ টার দিকে মেহেরপুর সদর উপজেলার ভাইসচেয়ারম্যান পদের উপনির্বাচনের রিটার্নিং অফিসার ও জেলা নির্বাচন অফিসার মুহাম্মদ আবু আনছার বেসরকারিভাবে এ ফলাফল ঘোষণা করেন।

উপনির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ২ লাখ ৯ হাজার ৯৮৩ জন। এদের মধ্যে ভোট প্রদান করেছেন মাত্র ২৪ হাজার ৪৭৯ জন। ভোট কেন্দ্রে উপস্থিত হননি ১ লাখ ৮৫ হাজার ৫০৪ জন ভোটার।

উল্লেখ্য, ভাইসচেয়ারম্যান মোমিনুল ইসলাম ভাইসচেয়ারম্যান থেকে পদত্যাগ করাই এই পদটি শুন্য হলে নির্বাচন কমিশন তফশীল ঘোষণা করেন।

চুয়াডাঙ্গায় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের অভিযান- জরিমানা আদায়

চুয়াডাঙ্গায় সারের দোকানে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে।

মঙ্গলবার দুপুর দেড়টার সময় চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার সরোজগঞ্জ বাজারে এই অভিযান পরিচালনা করা হয়।

এসময় চুয়াডাঙ্গা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ বলেন, নির্ধারিত মূল্য ছাড়াও কৃষকের কাছে বেশি মূল্য নিয়ে ইউরিয়া সার বিক্রির অভিযোগ পাওয়া গেলে। জেলার সরোজগঞ্জ এলাকায় বিভিন্ন সারের দোকানে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা হয়। অভিযান কালে খাড়াগোদার বিসিআইসি ডিলার হুদাবুর রহমানের ব্যবসা প্রতিষ্ঠানে ৮০০ টাকার ইউরিয়া সার ৯৯০ টাকা টাকা পর্যন্ত বিক্রির প্রমাণ পাওয়া যায়। এই সময় অভিযুক্ত সার ব্যবসায়ীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

নির্ধারিত মূল্য ছাড়া কৃষকের কাছ থেকে বেশি মূল্য নিয়ে সার বিক্রির অভিযোগ পাওয়া গেলে ডিলার ও ব্যবসায়ীর বিরুদ্ধে এই ধরনের ব্যবস্থা গ্রহণ করা হবে বলে ঘোষণা দেন ভোক্তা অধিকার সংরক্ষণের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ। অভিযান পরিচালনাকালে সার্বিকভাবে সহযোগিতা করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম।

মেহেরপুর সদর উপজেলার ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর

আগামীকাল ২৭ জুলাই মেহেরপুর সদর উপজেলার ভাইস চেয়ারম্যান পদ নির্বাচনের নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন।

আগামীকাল বুধবার মেহেরপুরের সদর উপজেলা ভাইস চেয়ারম্যান পদের উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে ।

আজ মঙ্গলবার সকাল থেকেই নির্বাচন উপলক্ষে নির্বাচনী দায়িত্বরত

প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন। নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ আবু আনছার এসকল সরঞ্জাম বিতরণ করেন।

প্রশাসনিক কর্মরতরা জানান, নির্বাচনকে একটি উৎসব মুখর পরিবেশ তৈরী করতে সব ধরনের নিরাপত্তা বলয় তৈরী করা হয়েছে।